

# চট্টগ্রাম কাস্টমস് এজেন্টস് এসোসিয়েশন

**CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৮১০০

প্রচার পত্র নং ১০১/২০২২  
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখ: ০৮/০৯/২০২২ খ্রি:

## শিপিং এজেন্ট/ফ্রেইট ফরওয়ার্ডার হতে ডেলিভারী অর্ডার গ্রহণের সময় সিএন্ডএফ এজেন্ট এর করণীয় প্রসঙ্গে

এতদ্বারা সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন কর্তৃক বিগত ২০/০৮/২০২২ইং অত্র এসোসিয়েশনকে পত্রের মাধ্যমে জানানো হয়, সিএন্ডএফ এজেন্টকে ডেলিভারী অর্ডার (ডিও) গ্রহণের সময় আমদানিকারকের নিয়োগ পত্রের ফটোকপি, প্রেরিত সিএন্ডএফ প্রতিনিধির নিয়োগপত্র এবং জাতীয় পরিচয় পত্রের ফটোকপি প্রদর্শন করতে হবে। উক্ত পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশনকে পত্রের মাধ্যমে জানানো হয় যে, ব্যাংক ও আমদানিকারক কর্তৃক Endorse করা মূল বিল অব ল্যাডিং এর পেছনের পৃষ্ঠায় আমদানিকারক সিএন্ডএফ এজেন্টকে পণ্য খালাসের অনুমতি প্রদান করেন। উক্ত বিল অব ল্যাডিং ডেলিভারী অর্ডার গ্রহণকালে সিএন্ডএফ এজেন্ট শিপিং এজেন্টে দাখিল করেন। Bill of Lading একটি Negotiable Document বিধায় তা যে প্রতিষ্ঠানের নামে Endorse করা হবে তাঁরা ডেলিভারী অর্ডার গ্রহণ করতে পারবেন। এছাড়া কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নথি নং-২৮(৩০) কাস/৯৮-৯৯-২০০১-২০০৮/৩২৩৯(০৯) কাস, তাৎ-০৫/১০/২০০৮ এ বলা হয়েছে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ শুরুয়াত বিল অব এন্ড্রি ও এ্যাসেসমেন্ট নোটিশ এর বিপরীতে শিপিং এজেন্ট/ফ্রেইট ফরওয়ার্ডারগণ ডেলিভারী অর্ডার প্রদান করবেন।

এমতাবস্থায়, শিপিং এজেন্ট/ফ্রেইট ফরওয়ার্ডার হতে ডেলিভারী অর্ডার (ডিও) গ্রহণের সময় সিএন্ডএফ এজেন্ট এর প্রতিনিধিকে মূল বিল অব ল্যাডিং, বিল অব এন্ড্রি, এ্যাসেসমেন্ট নোটিশ এর ফটোকপি এবং তাঁর পরিচয় নিশ্চিত করে ডেলিভারী অর্ডার গ্রহণের জন্য অনুরোধ করা হল।

কাজী মাহমুদ ইমাম (বিল)  
সাধারণ সম্পাদক